NYC এর অর্থ ব্যবসা

ব্যবসাসমূহ পুনরায় খোলা সম্পর্কিত নির্দেশিকা

NYC Small Business Services

careers
businesses
neighborhoods

সাম্প্রতিকতম তথ্য সম্পর্কে অবহিত থাকা

স্টেটের শর্তসমূহ দ্রুত পরিবর্তিত হচ্ছে এবং ব্যবসাসমূহের কাছে সাম্প্রতিকতম তথ্য থাকা ও সেগুলো মেনে চলার জন্য তারা দায়বদ্ধ। আপনাকে সহায়তা করার জন্য SBS আপনার পাশে রয়েছে।

COVID-19 সম্পর্কিত দ্রুত পরিবর্তিত তথ্য

ব্যবসা

nyc.gov/**business**

স্টেটের ওয়েবসাইট

forward.ny.gov

সাধারণ সাম্প্রতিকতম তথ্য

COVID লিখে **692-692 নম্বরে টেক্সট করুন**

স্বাস্থ্য

nyc.gov/**coronavirus**

NYC Small Business Services | careers businesses neighborhoods

স্টেটের নির্দেশিকা অনুসারে, NYC এর ব্যবসাসমূহ পর্যায়ক্রমে পুনরায় খোলা হবে

বিরতি

অপরিহার্য ব্যবসাগুলো পজ (PAUSE) আইনের অধীনে যেভাবে পরিচালনা করছিল তেমনি পরিচালনা করা চালিয়ে যাওয়া উচিত। আপনার ব্যবসা অত্যাবশ্যকীয় কিনা তা যাচাই করতে forward.ny.gov ভিজিট করুন।

পর্যায় 1

- উৎপাদন খাত
- নির্মাণ খাত
- পাইকারি বাণিজ্য
- খুচরা- (কার্বসাইড অথবা ইন-স্টোর পিকআপ অথবা ড্রপ অফের মধ্যে সীমাবদ্ধ)
- কৃষিখাত, বনজ শিল্পখাত, মাছ ধরা ও শিকার খাত
- উচ্চ শিক্ষা সম্পর্কিত গবেষণা

পর্যায় 2

- অফিস
- রিয়েল এস্টেট
- এসেনশিয়াল (অত্যাবশ্যকীয়) + পর্যায় ইন-স্টর খুচরা খাত
- যানবাহন বিক্রয়, লীজ, ভাড়া
- খুচরা ভাড়া, মেরামত, পরিষ্কার করা
- বাণিজ্যিক ভবন পরিচালনা
- চুল কাটার সেলুন ও নাপিতের দোকান
- বাসার বাইরে টেকআউট/ডেলিভারি খাদ্য সেবা

পর্যায় 3

- **ব্যক্তিগত যত্ন ব্যবসা**

পর্যায় 4

- শিল্পকলা / বিনোদন / খেলাধুলা
- শিক্ষা

পরামর্শ:

আপনার ব্যবসা কবে পুনরায় খোলা যাবে তা দেখতে বিজনেস রিওপেনিং লুকআপ টুল ব্যবহার করুন:
businessexpress.ny.gov/app/nyforward

NYC Small Business Services | careers businesses neighborhoods

1, 2 এবং 3 পর্যায়ে ব্যবসাসমূহ **পুনরায় খোলার** সাধারণ শর্তাবলি নিয়ে আজ আমরা আলোচনা করব।

পুনরায় খোলার জন্য ব্যবসাসমূহকে অবশ্যই **সকল** শর্তাবলি পূরণ করতে হবে।

শিল্প অনুযায়ী নির্দেশনা ভিন্ন হতে পারে এবং এ সম্পর্কে নিচের ওয়েবসাইটে জানা যাবে

forward.ny.gov/reopening-new-york-city

মনে রাখবেন:

নির্দিষ্ট শিল্পভিত্তিক শর্তাবলি এই প্রেজেন্টেশনে অন্তর্ভুক্ত নেই।

NYC Small Business Services | careers businesses neighborhoods

পুনরায় খোলার ক্ষেত্রে, ব্যবসাসমূহকে অবশ্যই **স্টেটের সকল শর্তাবলি** অনুসরণ করতে হবে।

- **শারীরিক দূরত্ব**
- **ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE)**
- **পরিষ্কার করা + স্বাস্থ্যবিধি**
- **স্বাস্থ্য পরীক্ষা করানো**
- **যোগাযোগ**

পমরার্শ:

পুনরায় খোলার পূর্বে, সকল ব্যবসাসমূহকে **অবশ্যই** যা করতে হবে

1. একটি নিরাপত্তা পরিকল্পনা তৈরি করা এবং তা সুস্পষ্টভাবে প্রদর্শন করা;
2. NYS নিরাপত্তা নির্দেশিকা পড়া এবং এর প্রতি সম্মতি নিশ্চিত করা।

NYC Small Business Services | careers businesses neighborhoods

শারীরিক দূরত্ব

শারীরিক দূরত্ব সম্পর্কিত স্টেটের শর্তাবলি

- কর্মীদের মধ্যে 6 ফুট দূরত্ব নিশ্চিত করুন, যদি না সুরক্ষা বা মূল কাজের জন্য আরো কম দূরত্বের প্রয়োজন হয়।
- যেকোনো সময় কর্মীরা একে অপরের চেয়ে 6 ফুটের চেয়ে কম দূরত্বে এবং শারীরিক বাধা ছাড়াই (যেমন- প্লেক্সিগ্লাস) থাকলে তাদেরকে অবশ্যই গ্রহণযোগ্য ফেস কভার পরিধান করতে হবে।
- ভবনের ভেতরে কোনো কাজের জন্য, কেবল প্রয়োজনীয় কর্মীদের মধ্যে উপস্থিতি সীমাবদ্ধ করুন এবং তা যেন সার্টিফিকেট অভ অকুপেন্সী দ্বারা নির্ধারিত সর্বোচ্চ 50% এর বেশি না হয়। যদি ফ্যাসিলিটি বা কোনো সরঞ্জাম নিরাপদে চালানোর জন্য আরো বেশি কর্মচারীর প্রয়োজন হয়, তাদেরকে অবশ্যই সবসময় ফেস কভার ব্যবহার করতে হবে।
- আঁটসাঁটভাবে সীমাবদ্ধ স্থানগুলিতে (যেমন- লিফট, ছোট স্টক রুম, ক্যাশ রেজিস্টারের পিছনে, সরু মারচেন্ডাইজ আইল) একসাথে কেবলমাত্র একজনের থাকা উচিত, যদি না সকল কর্মচারীর ফেস কভার পরা না থাকে। যদি একাধিক ব্যক্তি এমন স্থানে থাকেন তাহলে তারা যেন সর্বাধিক ধারণক্ষমতার 50% এর নিচে জায়গা দখল করেন।
- টেপ বা সাইনগুলি ব্যবহার করে সামাজিক দূরত্ব মার্কারগুলি পোস্ট করুন যা সাইটটিতে সাধারণভাবে ব্যবহৃত এবং অন্যান্য প্রযোজ্য এলাকাতে (যেমন- ক্লক ইন / আউট স্টেশন, স্বাস্থ্য স্ক্রিনিং স্টেশন, ক্যাশ রেজিস্টার)
  6 ফুটের দূরত্ব রাখার কথা নির্দেশ করে।
- যতটা সম্ভব সরাসরি সমাগম সীমাবদ্ধ করুন এবং যখনই সম্ভব টেলি-বা ভিডিও কনফারেন্সিং ব্যবহার করুন। অংশগ্রহণকারীদের মধ্যে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রেখে উন্মুক্ত, উত্তম বায়ুচলাচলকারী জায়গাগুলিতে অপরিহার্য সরাসরি জমায়েতগুলি (যেমন- সভাগুলি) করা উচিত।
- বিভিন্ন পদ্ধতির মাধ্যমে ব্যক্তিগত সংস্পর্শ এবং সমাবেশ (উদাহরণস্বরূপ কর্মক্ষেত্রের সময় সামঞ্জস্য করা, নকশা পরিবর্তন করা, কর্মক্ষেত্রে কর্মীসংখ্যা কমানো, লবি/লিফটে সমাবেশ কমাতে আগমন/প্রস্থানের সময় বিন্যস্ত করা) হ্রাস করুন
- শারীরিক যোগাযোগ যথা সম্ভব সীমিত রেখে পিক-আপ এবং বিতরণের জন্য মনোনীত এলাকা স্থাপন করুন।

গুরুত্বপূর্ণ তথ্য: নির্দেশনা বিকশিত হচ্ছে এবং পরিবর্তিত হতে পারে। সাম্প্রতিক পরিবর্তন সম্পর্কে জানতে অনুগ্রহ করে forward.ny.gov/reopening-new-york-city ভিজিট করুন।

ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE)

ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE) সম্পর্কিত স্টেটের শর্তাবলি

- নিয়োগকর্তাদের অবশ্যই কর্মীদেরকে বিনামূল্যে ফেস কভার সরবরাহ করতে হবে।
- গ্রহণযোগ্য ফেস কভারের মধ্যে কাপড় (যেমন- ঘরে সেলাই করা, কুইক কাট, ব্যান্ডেনা) এবং সার্জিক্যাল মাস্ক অন্তর্ভুক্ত তবে কেবল এগুলির মধ্যেই সীমাবদ্ধ নয় যদি না কাজের প্রকৃতিটির জন্য আরো কঠোর PPE প্রয়োজন হয় (যেমন- N95 রেস্পিরেটর, ফেস শিল্ড)। মুখ ঢেকে রাখার সরঞ্জাম সম্পর্কে নিচের ওয়েবসাইটে আরো জানুন: coronavirus.health.ny.gov/system/files/documents/2020/04/doh_covid19_eo20216employeefacecovering_041420.pdf
- গ্রাহক বা জনসাধারণের সাথে সামনাসামনি যোগাযোগের সময় কর্মচারীদের অবশ্যই ফেস কভার পরতে হবে।
- নষ্ট বা নোংরা হয়ে গেলে ফেস কভার অবশ্যই পরিবর্তন বা পরিষ্কার করতে হবে।
- PPE (ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম) কিভাবে পরিধান করতে হবে, খুলতে হবে, পরিষ্কার (প্রযোজ্য ক্ষেত্রে) করতে হবে এবং ফেলে দিতে হবে সে সম্পর্কে কর্মীদের প্রশিক্ষণ দেয়া।
- ফেস কভার অবশ্যই শেয়ার করা যাবে না।
- ফেস কভার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে বা নষ্ট হয়ে গেলে ফেলে দিতে হবে।
- জিনিস ভাগাভাগি করা সীমাবদ্ধ করুন এবং ভাগ করা পৃষ্ঠগুলি স্পর্শ করাকে নিরুৎসাহিত করুন; বা যখন ভাগ করা জিনিস বা ঘনঘন স্পর্শ করা অঞ্চলের সংস্পর্শে আসা লাগে, তখন গ্লাভস পরিধান করুন (বাণিজ্য-উপযুক্ত বা চিকিৎসা ক্ষেত্রে ব্যবহৃত); বা, সংস্পর্শে আসার আগে এবং পরে হাত জীবাণুমুক্ত করুন বা ধুয়ে ফেলুন।

পরামর্শ:

নিউ ইয়র্ক সিটি ব্যবসাগুলিকে ফেস কভার পেতে সহায়তা করতে পারে।আরো জানতে nyc.gov/business ভিজিট করুন।

গুরুত্বপূর্ণ তথ্য: নির্দেশনা বিকশিত হচ্ছে এবং পরিবর্তিত হতে পারে। সাম্প্রতিক পরিবর্তন সম্পর্কে জানতে অনুগ্রহ করে forward.ny.gov/reopening-new-york-city ভিজিট করুন।

পরিষ্কার করা + স্বাস্থ্যবিধি

পরিষ্কার করা + স্বাস্থ্যবিধি সম্পর্কিত স্টেটের শর্তাবলি

- পরিষ্কার ও জীবাণুমুক্ত করার জন্য নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত পণ্য ব্যবহার করুন। অনুমোদিত পণ্যগুলোর একটি সম্পূর্ণ তালিকা এখানে দেখুন। স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্যরক্ষার জন্য সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন এবং ডিপার্টমেন্ট অব হেলথ এর সকল নিয়ম অনুসরণ করুন।
- যেখানে হাত ধোয়া সম্ভব নয় সেখানে হ্যান্ড হাইজিন স্টেশনের ব্যবস্থা করুন যেখানে সাবান, পানি, পেপার টাওয়েল এবং/ অথবা 60% বা তার বেশি অ্যালকোহলযুক্ত হ্যান্ড স্যানিটাইজার অন্তর্ভুক্ত থাকবে।
- ভাগাভগি করা পৃষ্ঠতল এবং জিনিসের জন্য পরিষ্কারক বস্তু সরবরাহ করুন। ব্যবহারের আগে ও পরে ভাগাভাগি করা পৃষ্ঠগুলি জীবাণুমুক্ত করতে এবং হাত ধোয়ার জন্য কর্মীদের উ্সাহিত করুন।
- কর্মচারীদের খাবার এবং পানীয় ভাগাভাগি করার অনুমতি দেবেন না (যেমন- কোনো বুফে-স্টাইলের খাবার নয়)।
- প্রতিদিন কমপক্ষে একবার সাইটটিকে পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন।
- ভাগাভাগি করা বস্তুগুলি (যেমন- যন্ত্রপাতি, রেজিস্টার) এবং অধিক চলাচল করা জায়গাগুলি (যেমন- রেস্টরুম, সাধারণ এলাকা) প্রতিদিন একাধিকবার পরিষ্কার এবং জীবাণুমুক্ত করুন। যদি পরিষ্কার বা জীবাণুমুক্তকরণ কাজের সুরক্ষাজনিত হুমকি দেখা দেয় বা বস্তুর ক্ষতি হয়, তবে কর্মীদের ডিসপোজিবল গ্লাভস দিন এবং ব্যবহারের আগে ও পরে হাত তারা যেন হাত ধুয়ে নেয়।
- একটি পরিষ্কারকরণ লগ রাখুন যাতে পরিষ্কারের তারিখ, সময় এবং সুযোগের তালিকা থাকবে।
- কোনো ব্যক্তি COVID19 আক্রান্ত নিশ্চিত হলে তার সংস্পর্শে আসা স্থানগুলো পরিষ্কার ও জীবাণুমুক্ত করুন এবং এই পরিষ্কার ও জীবাণুমুক্তকরণের কাজে ন্যূনতমভাবে সকল জনবহুল ট্রানজিট এলাকা ও বেশি স্পর্শ হয় এমন জায়গা (যেমন- লিফট, লবি, ভবনের প্রবেশদ্বার, ব্যাজ স্ক্যানার, বাথরুমের রেলিং, দরজার হাতল) অন্তর্ভুক্ত করুন।
- নিরাপত্তা সতর্কতা বজায় রেখে বাইরের বাতাস চলাচল (যেমন- জানালা ও দরজা খোলা) যেখানেই সম্ভব বৃদ্ধি করুন।
- কর্মীদের মধ্যে সরঞ্জাম শেয়ার করে নেওয়া যেখানেই সম্ভব হ্রাস করুন

NYC Small Business Services | careers businesses neighborhoods

গুরুত্বপূর্ণ তথ্য: নির্দেশনা বিকশিত হচ্ছে এবং পরিবর্তিত হতে পারে। সাম্প্রতিক পরিবর্তন সম্পর্কে জানতে অনুগ্রহ করে forward.ny.gov/reopening-new-york-city ভিজিট করুন।

স্বাস্থ্য পরীক্ষা করানো

স্বাস্থ্য পরীক্ষা করানো সম্পর্কিত স্টেটের শর্তাবলি

- অসুস্থ কর্মচারীদের বাসায় থাকা উচিত। কাজে থাকাকালে অসুস্থ হয়ে যাওয়া কর্মচারীদের বাসায় ফিরে যাওয়া উচিত।
- কর্মচারীরা প্রতিদিন কাজ শুরু করার আগে একটি বাধ্যতামূলক স্বাস্থ্য স্ক্রিনিং (যেমন- প্রশ্নাবলী, তাপমাত্রা পরীক্ষা) পরিচালনা করুন এবং অপরিহার্য দর্শনার্থীদের ক্ষেত্রে নিচের ব্যাপারগুলি সম্পর্কে জিজ্ঞাসা করুন, 1. গত 14 দিনে COVID-19 এর উপসর্গসমূহ সম্পর্কে, 2. গত 14 দিনে COVID-19 এর পজিটিভ টেস্ট সম্পর্কে এবং/অথবা 3. গত 14 দিনে নিশ্চিত বা সন্দেহভাজন COVID-19 রোগীর সংস্পর্শে আসা সম্পর্কে।
- মূল্যায়ন প্রতিক্রিয়া অবশ্যই প্রতিদিন পর্যালোচনা করা এবং নথিভুক্ত করা উচিত।
- প্রশ্নাবলির প্রতিক্রিয়াগুলির ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করুন:
- COVID-19 উপসর্গযুক্ত কর্মচারীদের মেডিকেল মূল্যায়ন এবং COVID-19 পরীক্ষার উদ্দেশ্যে তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার জন্য বাড়িতে প্রেরণ করা উচিত।
- যদি কোনো কর্মচারীর COVID-19 পরীক্ষা পজিটিভ হয় কিন্তু তার কোনো উপসর্গ না থাকে তবে তারা পরীক্ষার তারিখ থেকে কেবল 14-দিনের কোয়ারেন্টিনের পরে ফিরে আসতে পারেন।
- যদি কোনো কর্মচারীর COVID পরীক্ষা পজিটিভ হয় এবং তার উপসর্গও থাকে, তবে নিম্নলিখিত বিষয়গুলি সত্যি না হওয়া পর্যন্ত তাদের অবশ্যই কাজে ফিরতে অপেক্ষা করতে হবে: 1. তাদের উপসর্গগুলি শুরু হওয়ার পরে কমপক্ষে 14 দিন হয়েছে। 2. টাইলেনল বা আইবুপ্রোফেনের মতো জ্বর-কমানো ওষুধের ব্যবহার ছাড়া তারা আগের তিন দিন জ্বরে আক্রান্ত হয়নি। 3. তাদের সামগ্রিক অসুস্থতার উন্নতি হয়েছে।
- COVID-19 আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ট সংস্পর্শে এসেছেন এমন কর্মচারীদের তাদের নিয়োগকর্তাকে ব্যাপারটি অবহিত করা উচিত। যদি তাদের মধ্যে কোনো উপসর্গ না থাকে, তবে তারা অতিরিক্ত সতর্কতা (উপসর্গ এবং তাপমাত্রার জন্য নিয়মিত পর্যবেক্ষণ, সর্বদা ফেস কভার ব্যবহার এবং অন্যদের থেকে সামাজিক দূরত্বে থাকা) সহকারে কাজ করতে পারে।
- অন-সাইট স্ক্রিনারদের নিয়োগকর্তা দ্বারা CDC, DOH এবং OSHA প্রোটোকল ব্যবহারের মাধ্যমে নির্বাচিত করা উচিত। স্ক্রিনারদের ন্যূনতম একটি ফেস কভারসহ যথাযথ PPE পরিধান করা উচিত।
- পজিটিভ কেসের ক্ষেত্রে পরিষ্কার, জীবাণুমুক্তকরণ এবং সংস্পর্শের উ□স খোঁজার জন্য একটি পরিকল্পনা রাখুন। পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার প্রোটোকল পর্যালোচনা করুন।

পরামর্শ:

NYC স্বাস্থ্য বিভাগের মডেল স্ক্রিনিং টুল পর্যালোচনা করুন।

গুরুত্বপূর্ণ তথ্য: নির্দেশনা বিকশিত হচ্ছে এবং পরিবর্তিত হতে পারে। সাম্প্রতিক পরিবর্তন সম্পর্কে জানতে অনুগ্রহ করে forward.ny.gov/reopening-new-york-city ভিজিট করুন।

যোগাযোগ

কর্মচারী ও ক্লায়েন্টের সাথে যোগাযোগ সম্পর্কিত স্টেটের শর্তাবলি

- নিশ্চিত করুন যে আপনি স্টেটের জারি করা ইন্ডাস্ট্রি নির্দেশিকা পর্যালোচনা করেছেন এবং বুঝতে পেরেছেন এবং আপনি সেগুলি বাস্তবায়ন করবেন।
- কর্মীদের যথাযথ স্বাস্থ্যবিধি, সামাজিক দূরত্বের নিয়ম, PPE এর যথাযথ ব্যবহার এবং পরিষ্কার ও জীবাণুনাশক পদ্ধতি অনুসরণ করার জন্য কর্মীদের মনে করিয়ে দেওয়ার সাইনগুলি পোস্ট করুন। পদ্ধতিগুলো নিয়ে সকল কর্মচারীদের প্রশিক্ষণ দিন এবং নিরাপত্তা নির্দেশিকা নিয়ে ঘন ঘন আলোচনা করুন।
- ব্যবসাসমূহের নিরাপত্তা পরিকল্পনার সকল দিক ধারাবাহিকভাবে মেনে চলার জন্য দায়বদ্ধ রয়েছে এমন নিরাপত্তা নিরীক্ষক নিযুক্ত করুন।
- সম্পূর্ণ নিরাপত্তা পরিকল্পনা কর্মক্ষেত্রে লক্ষণীয়ভাবে প্রদর্শনের ব্যবস্থা করুন।
- কর্মচারী, দর্শনার্থী এবং গ্রাহকদের জন্য একটি যোগাযোগের পরিকল্পনা তৈরি করুন। সঙ্গতিপূর্ণভাবে আপনি তথ্য হালনাগাদ করছেন তা নিশ্চিত করুন।
- কর্মক্ষেত্রে ব্যক্তিবর্গের সাথে নিকট সংস্পর্শে থাকতে পারে এমন কর্মচারী এবং দর্শনার্থীসহ প্রত্যেক ব্যক্তির একটি লগ বজায় রাখুন; তবে এতে যথাযথ PPE পরিধান করে অথবা সংস্পর্শ ব্যতীত মাধ্যমে পণ্য বিতরণ বাদ দেয়া যেতে পারে।
- COVID-19 পরীক্ষায় যদি কোনো কর্মচারীর ফলাফল পজিটিভ আসে, তাহলে স্টেট এবং ফেডারেল আইন ও বিধি মেনে প্রয়োজনীয় গোপনীয়তা বজায় রেখে স্টেট ও সিটি হেলথ ডিপার্টমেন্টকে অবিলম্বে অবহিত করুন এবং সংস্পর্শে এসেছে এমন সম্ভাব্য ব্যক্তিবর্গ সম্পর্কে জানানোসহ কন্টাক্ট ট্রেসিং করার প্রচেষ্টাতে সহযোগিতা করুন।

পরামর্শ:

কর্মচারী এবং গ্রাহকদেরকে নির্দেশনা সম্পর্কে জানাতে সহায়তার জন্য আপনি একাধিক ভাষায় সাইনবোর্ড এখান থেকে ডাউনলোড এবং মুদ্রণ করতে পারেন।

কর্মচারী সহায়তা

আপনার কর্মচারীদের সুরক্ষিত রাখার জন্য শর্তাবলি ও রিসোর্স রয়েছে

- NYC বেতনভোগী নিরাপদ এবং অসুস্থতাজনিত ছুটির আইন এর অধীনে, NYC-তে প্রতি বছরে ৪০ ঘণ্টার বেশি সময় কাজ করে এমন পাঁচ বা ততোধিক কর্মচারী যেসব নিয়োগকারীর রয়েছে, সেসকল কর্মচারীদেরকে অবশ্যই বেতনভোগী নিরাপদ এবং অসুস্থতাজনিত ছুটি প্রদান করতে হবে। পাঁচজনের কম কর্মচারী নিয়োগকারীদের অবশ্যই বিনা বেতনে নিরাপদ এবং অসুস্থতার ছুটি প্রদান করতে হবে। কর্মচারীরা নিজের বা পরিবারের সদস্যদের যত্ন নেওয়ার জন্য নিরাপদ এবং অসুস্থতার ছুটি ব্যবহার করতে পারেন। আরো তথ্যের জন্য ভিজিট করুন nyc.gov/paidsickleave অথবা কল করুন 311 (212-NEW-YORK)।

- 18 মার্চ 2020 তারিখে গভর্নর কুওমো চাকরির সুরক্ষা এবং COVID-19 এর কারণে কোয়ারেন্টিনে থাকা নিউ ইয়র্কবাসীদের বেতনের নিশ্চয়তা দিয়ে জরুরী আইন স্বাক্ষর করেছেন। আরো পড়ুন।
- মানসিক চাপের প্রতি সংবেদনশীল প্রতিক্রিয়াগুলি স্বাভাবিক। আপনি বা আপনার কর্মীরা যদি চাপ বা উদ্বেগ অনুভব করেন তাহলে NYC Well -তে 888-NYCWELL (888-692-9355) নম্বরে যোগাযোগ করুন অথবা WELL লিখে 65173 নম্বরে টেক্সট করুন।

- আপনি যদি মনে করেন যে জাতি বা জতীয়তা বা অন্যান্য পরিচয়ের কারণে আপনি বা আপনার কর্মচারীরা হয়রানির শিকার হয়েছেন, তাহলে NYC কমিশন অভ হিউম্যান রাইটস এ 311 অথবা 718-722-3131 নম্বরে কল করে অভিযোগ করুন।

- COVID-19 এর বিস্তার রোধ করতে অবহিত থাকুন, NYC স্বাস্থ্য বিভাগ অথবা CDC এর মতো নির্ভরযোগ্য উ□স থেকে গণস্বাস্থ্য বিষয়ক বার্তা শুনুন এবং উত্তম ব্যক্তিগত ও গণ স্বাস্থ্য চর্চাগুলি প্রয়োগ করুন।

সকল ব্যবসার ক্ষেত্রে সম্মতি ও প্রয়োগ প্রয়োজন

- স্টেট টেমপ্লেট ব্যবহার করে একটি নিরাপত্তা পরিকল্পনা তৈরি করুন এবং সেটি স্পষ্ট করে আপনার কর্মক্ষেত্রে লাগান।
- forms.ny.gov/s3/ny-forward-affirmation -তে সম্মতি ঘোষণা করুন
- পরিদর্শকরা সম্মতির প্রচারের জন্য ব্যবসা প্রতিষ্ঠানগুলিতে আসতে পারেন।
- স্বাস্থ্য এবং সুরক্ষার উদ্বেগের কারণে, সম্মতির ক্ষেত্রে কোনো ছাড় নেই।
- স্টেটের জারীকৃত শিল্প প্রতিষ্ঠানের নির্দেশিকা পড়ুন:

পর্যায় 1

- উৎপাদন
- নির্মাণ
- পাইকারি বাণিজ্য
- খুচরা বাণিজ্য

পর্যায় 2

- অফিস
- রিয়েল এস্টেট
- বাসার বাইরে টেকআউট/ডেলিভারি খাদ্য সেবা
- এসেনশিয়াল (অত্যাবশ্যকীয়) + পর্যায় ইন-স্টর খুচরা খাত
- চুল কাটার সেলুন ও নাপিতের দোকান
- বাণিজ্যিক ভবন পরিচালনা
- খুচরা ভাড়া, মেরামত, পরিষ্কার করা
- যানবাহন বিক্রয়, লীজ, ভাড়া

পর্যায় 3

- ব্যক্তিগত যত্ন ব্যবসা

পরামর্শ:

স্প্যানিশ, হাইতিয়ান ক্রেওল, রাশিয়ান, কোরিয়ান, চাইনিজ ও বাংলা ভাষায় শিল্পভিত্তিক ব্যবসায়ের সুরক্ষার টেমপ্লেটের জন্য forward.ny.gov/reopening-new-york-city

খাবার ও পানীয়ের ব্যবসা প্রতিষ্ঠানের জন্য অতিরিক্ত শর্তাবলি (নির্বাহী আদেশ 202.43) দেখুন

অ্যালকোহল বিক্রয়কারী বা ব্যবসাক্ষেত্রে বা অন্য কোথাও পরিবেশন করা অ্যালকোহল পান করা হয় এমন ব্যবসা প্রতিষ্ঠানকে নিশ্চিত করতে হবে যে তাদের ব্যবসাক্ষেত্রের 100 ফুটের মধ্যে থাকা ব্যক্তিবর্গ:

- উন্মুক্ত কন্টেইনার, সামাজিক দূরত্ব এবং মুখ ঢেকে রাখার নিয়মাবলী মানছেন
- বিদ্যমান সকল নিয়ম, বিধি এবং আইন অনুসরণ করছেন

যে সকল ব্যবসা প্রতিষ্ঠানসমূহ এই নির্দেশনা যতক্ষণ অনুসরণ করতে পারবে না, ততক্ষণ পর্যন্ত তাদেরকে অ্যালকোহল বিক্রয় করা বন্ধ রাখতে হবে।

- বিধি লঙ্ঘন করা হলে প্রতি লঙ্ঘনে 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা সহ লাইসেন্স স্থগিত বা বাতিল করা হতে পারে
- উন্মুক্ত কন্টেইনার বা সামাজিক দূরত্ব সংক্রান্ত বিধি লঙ্ঘনের জন্য নিয়মিত ক্রেতাদেরকেও জরিমানা করা হতে পারে।

NYC উন্মুক্ত রেস্টুরেন্ট প্রোগ্রামগুলো অস্থায়ী আউটডোর ডাইনিং এর অনুমোদন দেয়

উন্মুক্ত স্থানে আগ্রহ বাড়াতে, শারীরিক দূরত্ব বৃদ্ধি করতে এবং এই কঠিন অর্থনৈতিক সময়ে পূর্বের অবস্থায় ফিরে যেতে সহায়তা করতে খাবারের ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে বাইরে বসে খাওয়ার ব্যবস্থা শহরব্যাপী এই বহুধাপ বিশিষ্ট প্রোগ্রাম সম্প্রসারণ করছে।

আপনার বার অথবা রেস্টুরেন্টের বাইরে সাইডওয়াক এবং/বা রোডওয়েতে বসার ব্যবস্থা সম্পর্কে এবং তা স্থাপন সম্পর্কে

nyc.gov/openrestaurants

NYC Open Restaurants

বসার ব্যবস্থার মানদণ্ড জানুন



NYC Small Business Services | careers businesses neighborhoods

› স্ক্যাম সম্পর্কে অনুগ্রহ করে সতর্ক থাকুন

ঋণ এবং অনুদান জালিয়াতির মাধ্যমে ব্যবসাসমূহকে লক্ষ্যবস্তু করা

- ফিশিং ইমেল এবং রোবোকল থেকে সাবধান থাকুন
- ওয়েব অ্যাড্রেসগুলো সঠিক কিনা পরীক্ষা করে দেখুন
- অপরাধ প্রতিরোধ সম্পর্কিত পরামর্শ সম্পর্কে জানতে টুইটারে অনুসরণ করুন

@NYPDCPD

সংস্থানসমূহ

পুনরায় ব্যবসা চালু করতে আপনাকে সহায়তা করার জন্য অনেকগুলি সংস্থান আছে

- হটলাইন, নির্দেশিকা, পরামর্শ, এবং ওয়েবিনার
- অর্থনৈতিক সহায়তা
- বাণিজ্যিক লীজ সম্পর্কিত সহায়তা
- কর, ঋণ এবং ইউটিলিটি সম্পর্কিত দায়মুক্তি
- প্রণোদনা এবং ব্যয় সাশ্রয়
- বিপণনগত সহায়তা
- নিয়ন্ত্রক সম্পর্কিত পরিবর্তন
- কর্মচারী সহায়তা

পরামর্শ:

আরো জানতে nyc.gov/business ভিজিট করুন।

NYC Small Business Services | careers businesses neighborhoods

› প্রশ্ন আছে?

হটলাইন:

888-SBS-4NYC
(888-727-4692)

ইমেইল:

covid19biz@sbs.nyc.gov